গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

ভূরুঙ্গামারী উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির নভেম্বর/২০২৫ মাসের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব দীপ জন মিত্র<br>উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| সভার স্থান | : | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষ। |
| সভার তারিখ | : | ০৩ /১১/২০২৫ খ্রিঃ |
| সময় | : | সকাল ১০:০০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট "ক" তে বর্ণিত। |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি অত্র উপজেলাকে সভা পরিচালনার আহ্বান জানান।

১। উপজেলা কৃষি অফিসার সভায় কৃষি প্রণোদনা বাস্তবায়ন নীতিমালা পাঠ করে শোনান এবং সকলকে অবগত করেন যে, কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার স্মারক নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৩৪৪ তারিখ-১২/১০/২০২৫খ্রি. ও সংশোধিত জিও স্মারক নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৩৬৪ তারিখ-২৮/১০/২০২৫খ্রি. এবং জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি,কুড়িগ্রাম স্মারক নং-১২.১৭.৪৯০০.০৩৯.০৮.০৪৬.২৫.১৫৭৬(৩০) তারিখ-২৮/১০/২০২৫খ্রি, মোতাবেক কুড়িগ্রাম জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নভেম্বর/২০২৫ মাসের সিদ্ধান্ত মোতাবেক ভূরুঙ্গামারী উপজেলায় ২০২৫-২৬ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের জন্য- কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রবি/২০২৫-২৬ মৌসুমে বোরো উফশী ধান ফসলের জন্য ৮৫০ জন কৃষকের বীজ ও সার বরাদ্দ পাওয়া গিয়েছে।

সিদ্ধান্ত ঃ বরাদ্ধকৃত বীজ ও সার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।

২। উপস্থিত সদস্যগণের ঐকমত্য ও ইউনিয়ন পর্যায়ে বরাদ্দ বিভাজনের পূর্বে সম্মানীত উপজেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গমারী, কুড়িগ্রাম মহোদয়ের পরামর্শ গ্রহণ করা হয় এবং উপজেলার জন্য প্রাপ্ত বরাদ্দ সম্পর্কে আলাপ আলোচনান্তে ইউনিয়নে রবি/২০২৫-২৬ মৌসুমের চাষের উপযোগিতা অনুসারে প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকগণকে প্রণোদনার আওতায় নিম্নবর্ণিতভাবে বিভাজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আবাদের সম্ভাবনা এবং উপযোগিতার ভিত্তিতে ইউনিয়ন ভিত্তিক বিভাজনঃ

| ক্রঃনং | ইউনিয়নের নাম | ফসলের নাম ও ইউনিয়ন প্রতি বরাদ্দের পরিমাণ (জন/বিঘা) | সর্বমোট |
|---|---|---|---|
| | | বোরো উফসী ধান বীজ | |
| ১ | পাথরডুবি | ৯০ | ৯০ |
| ২ | শিলখুড়ি | ৮০ | ৮০ |
| ৩ | তিলাই | ৮০ | ৮০ |
| ৪ | পাইকেরছড়া | ৯০ | ৯০ |
| ৫ | ভূরুঙ্গামারী | ১০০ | ১০০ |
| ৬ | জয়মনিরহাট | ৮০ | ৮০ |
| ৭ | আন্ধারীঝাড় | ৮০ | ৮০ |
| ৮ | বলদিয়া | ৮০ | ৮০ |
| ৯ | চর-ভূরুঙ্গামারী | ৯০ | ৯০ |
| ১০ | বঙ্গসোনাহাট | ৮০ | ৮০ |
| সর্বমোট= | | ৮৫০ | ৮৫০ |

৩। প্রতিজন কৃষক নিম্নরূপ উপকরণ পাবেন -

| বিঘা প্রতি উপকরণ সহায়তার বিবরণ: | | | | |
|---|---|---|---|---|
| ক্রমিক নং | ফসলের নাম | ০১ বিঘা জমির জন্য ০১ জন কৃষক যা পাবেন (কেজি) | | |
| | | বীজ | ডিএপি | এমওপি |
| ০১ | বোরো ধান (উফশী) | ০৫ | ১০ | ১০ |

৪। উপরোক্ত বিভাজন মোতাবেক সংশ্লিষ্ট ব্লক/ইউনিয়নের উপসহকারী কৃষি কর্মকর্তাগন কৃষকের অগ্রাধিকার তালিকা প্রস্তত করে উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি বরাবর প্রেরণ করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি উক্ত অগ্রাধিকার তালিকা জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করবেন। একজন চাষী পরিবারকে যেকোন একটি ফসলের বেশি প্রনোদনা সহায়তা করা যাবে না। অতঃপর অনুমোদিত অগ্রাধিকার তালিকা হতে রোডম্যাপ বা নির্দেশনা অনুসারে এ কর্মসুচি বাস্তবায়িত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ।

৫। অত্র প্রণোদনা কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার ০১(এক) বিঘার জন্য ০৫(পাঁচ) কেজি করে বোরো উফশী ধান বীজ এবং ১০ (দশ) কেজি ডিএপি সার ও ১০ (দশ) কেজি এমওপি সার সহায়তা পাবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৬। বিতরণের সুবিধার্থে ০৫(পাঁচ) জন কৃষকের ০১(এক) টি গ্রুপ করে ২৫(পঁচিশ) কেজি বোরো উফশী ধান বীজ এবং ০১(এক) বস্তা ডিএপি সার ও ০১(এক) বস্তা এমওপি সার পাবেন, পরবর্তিতে যা কৃষকগণ নিজেদের মধ্যে ভাগ করে নিতে পারবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৭। উপজেলা কৃষি অফিসার সভাকে অবগত করেন যে, সচিবালয়ের নির্দেশমালা অনুযায়ী ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA'2006 ও PPR'2008 অনুসরণপুর্বক কোটেশন(আরএফকিউ)করার প্রয়োজনীয়তা হতে পারে সুতরাং এ ব্যাপারে একটি কোটেশন(আরএফকিউ) মূল্যায়ন কমিটি গঠন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমম্বয়ে কোটেশন (আরএফকিউ) উন্মুক্তকরণ কমিটি

১। উপজেলা কৃষি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। — আহ্বায়ক
২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। — সদস্য
৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। — সদস্য

এবং মূল্যায়ন কমিটি গঠন করা হলো-

১। উপজেলা প্রাণিসম্পদ আফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। — আহ্বায়ক
২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,ভূরুঙ্গামারী,কুড়িগ্রাম। — সদস্য
৩। কৃষি সম্প্রসারণ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। — সদস্য

অতঃপর আর কোন আলোচনা না থাকায় কৃষি পুনর্বাসন কর্মসূচী বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(দীপ জন মিত্র)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

স্মারক নং-১২.১৮.৪৯০৬.০৪০.৪০.০০৪০.১৯.১২৪৯

তারিখঃ ০৩/১১/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ
০১। জেলা প্রশাসক ও সভাপতি,জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি,কুড়িগ্রাম।
০২। উপপরিচালক ও সদস্য সচিব,জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায় কমিটি,খামারবাড়ি,কুড়িগ্রাম।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৪। উপজেলা মৎস্য অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৭। উপজেলা যুব উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৮। উপ সহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৯। উপ সহকারী কৃষি কর্মকর্তা (সকল) ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(মোঃ আব্দুল জব্বার)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।